

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৬৩

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ যে কারণে বিলাল রাদিয়াল্লাহু আনহু রাতে আযান দিতেন

ذِكْرُ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا كَانَ يؤذِّن بلالٌ بليلِ

আরবী

3463 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ عَلِيِّ الْفَلَّاسُ قَالَ: حَدَّثَنَا يَحْيَى الْقَطَّانُ قَالَ: حَدَّثَنَا سُلَيْمَانُ التَّيْمِيُّ عَنْ أَبِي عُثْمَانَ عَنِ ابْنِ مَسْعُودٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ: (إِنَّ بِلَالًا يُؤَذِّنُ بِلَيْلٍ لِيُنَبِّهَ نَائِمَكُمْ وَيَرْجِعَ قَائِمَكُمْ وَلَيْسَ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ: (إِنَّ بِلَالًا يُؤَذِّنُ بِلَيْلٍ لِيُنَبِّهَ نَائِمَكُمْ وَيَرْجِعَ قَائِمَكُمْ وَلَيْسَ الْفَجْرُ أَنْ يَقُولَ هَكَذَا وَأَشَارَ بِالسَّبَّابَتَيْنِ وَلَكِنَّ الْفَجْرَ أَن يقول هكذا) وأشار بكفه الراوي: ابْن مَسْعُودٍ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الراوي: ابْن مَسعُودٍ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3463 ا خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) (2032): ق.

قَالَ: أَبُو حَاتِمٍ قَوْلُ ابْنِ مَسْعُودِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قال: (إن بِلَالًا يُؤذِنُ بِاللَّا لِانْتِبَاهِ بِلَيْلٍ لِيُنْبِهِ نَائِمَكُمْ وَيَرْجِعَ قَائِمَكُمْ) فِيهِ أَبْيَنُ الْبَيَانِ عَلَى أَنَّ بِلَالًا كَانَ يُؤذِنُ بِاللَّيْلِ لِانْتِبَاهِ النُّوَّامِ وَرُجُوعِ الهُجَّدِ عَنِ الْقِيَامِ لَا لِصَلَاةِ الْفَجْرِ فَإِذَا كَانَ الْمَسْجِدُ لَهُ مُؤذّنانِ وَأَذَّنَ النُّوَّامِ وَرُجُوعِ الهُجَّدِ عَنِ الْقِيَامِ لَا لِصَلَاةِ الْفَجْرِ فَإِذَا كَانَ الْمَسْجِدُ لَهُ مُؤذّنانِ وَأَذَنَ النُّوامِ وَمَنَفْنَا وَالْآخَرُ عِنْدَ انْفِجَارِ الصَّبْحِ لِصَلَاةِ الْفَجْرِ كَانَ ذَلِكَ جَائِزًا فَأَمَّا مَنْ أَذَّنَ بِلَيْلٍ قِبْلَ طُلُوعِ الْفَجْرِ لِصَلَاةِ الصَّبْحِ كَانَ عَلَيْهِ الْإِعَادَةُ لِصَلَاةِ الصَّبْحِ فَإِنَّهُ لَمْ مَنْ أَذَّنَ بِلَيْلٍ قَبْلَ طُلُوعِ الْفَجْرِ لِصَلَاةِ الصَّبْحِ كَانَ عَلَيْهِ الْإِعَادَةُ لِصَلَاةِ الصَبْعِ فَإِنَّهُ لَمْ مَنْ أَذَّنَ بِلَيْلٍ قَبْلَ طُلُوعِ الْفَجْرِ لِصَلَاةِ الصَبْعِحِ كَانَ عَلَيْهِ الْإِعَادَةُ لِصَلَاةِ الصَبْعِ فَإِنَّهُ لَمْ عَنْ واحد.

বাংলা

৩৪৬৩. আব্দুল্লাহ বিন মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "নিশ্চয়ই বিলাল রাতে আযান দেয়, যাতে ঘুমন্ত ব্যক্তিকে জাগ্রত করতে পারে আর কিয়ামকারীকে (সাহারী খাওয়ার জন্য) ফিরিয়ে দিতে পারে।" তিনি আরো বলেছেন, "এরকম হলে সেটা ফজর



নয়।" রাবী বলেন, "এটা বলে তিনি তাঁর দুই তর্জনী অঙ্গুলির মাধ্যমে ইশারা করেন।" তারপর তিনি বলেন, "বস্তুত ফজর হলো এরকম হওয়া।" এই বলে তিনি তাঁর হাতের তালুকে মাধ্যমে ইশারা করেন।"[1]

আবৃ হাতিম ইবনু হিবান রহিমাহল্লাহ বলেন, "আব্দুল্লাহ বিন মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহুর বর্ণনায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ব্জব্য "নিশ্চয়ই বিলাল রাতে আযান দেয়, যাতে ঘুমন্ত ব্যক্তিকে জাগ্রত করতে পারে আর কিয়ামকারীকে (সাহারী খাওয়ার জন্য) ফিরিয়ে দিতে পারে" এখানে সুস্পষ্ট বর্ণনা রয়েছে এই মর্মে যে, বিলাল রাদ্বিয়াল্লাহু আনহু রাতে আযান দিতেন ঘুমন্ত ব্যক্তিকে জাগিয়ে তোলার জন্য এবং তাহাজ্জুদ আদায়কারীকে কিয়াম থেকে ফিরিয়ে দেওয়ার জন্য। কাজেই মাসজিদে যখন দুইজন মুয়াযযিন থাকবে এবং একজন পূর্বে বর্ণিত উদ্দেশ্যে আযান দিবে আর আরেকজন ফজর উদ্ভাসিত হওয়ার সময় আযান দিবে ফজরের সালাতের জন্য, তবে সেটা জায়েয়।

কিন্তু যে ব্যক্তি সুবহে সাদিক উদিত হওয়ার আগে রাতে আযান দেয় ফজরের সালাতের জন্য, তবে তাকে ফজরের সালাতের জন্য পুনরায় আযান দিতে হবে। কারণ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে এটা প্রমাণিত নেই যে, সে সময় ফজরের আজানের জন্য দুইজনই রাতে আযান দিয়েছেন।

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১০৯৩; মুসনাদ আহমাদ: ১/৩৯২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৯; সহীহুল বুখারী: ৬২১; আবূ দাউদ: ২৩৪৭; নাসাঈ: ২/১১; সহীহ ইবনু খুয়াইমাহ: ৪০২; ইবনুল জারুদ: ৩৮২; সুনান বাইহাকী: ৪/২১৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২/৯২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

这 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন